প্রথম আলো

তারিখ ..29 MAY 2016...
পৃষ্ঠা ...4... কলাম ...2...

# শিক্ষানীতির প্রতিবাদে কাল বিক্ষোভ করবে জামায়াত

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষানীতি বাতিলের দাবি ও প্রস্তাবিত শিক্ষা আইনের প্রতিবাদে আগামীকাল সোমবার সারা দেশে বিক্ষোভ করার ঘোষণা দিয়েছে জামায়াতে ইসলামী।

গতকাল শনিবার দলের এক বিবৃতিতে জামায়াতের ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল শফিকুর রহমান এই কর্মসূচি ঘোষণা করেন।

বিবৃতিতে দাবি করা হয়, সরকার শিক্ষার সিলেবাস ও কারিকুলাম থেকে ইসলামের মূল্যবোধ ও চেতনাকে সরিয়ে দিয়ে গায়ের জোরে আইন করে নীতিহীন শিক্ষার দিকে জাতিকে ঠেলে দিতে চায়। দলটি সরকারকে প্রস্তাবিত শিক্ষানীতি ও শিক্ষা আইন প্রণয়নের উদ্যোগ থেকে সরে আসার আহ্বান জানিয়েছে।